R. N. No. 2532/57 Ph. : 266228 (P.), 267228 (Resi.)/STD 03483 P. Regd. No. WB/MSD-05

আধুনিক ডিজাইনের
আলমারী, চেয়ার, টেবিল,
খাট, সোফা ইত্যাদি
যাবতীয় ফার্নিচার বিক্রেতা
বি কে
ষ্টীল ফার্ণিচার
রঘুনাথগঞ্জ ।। মুর্শিদাবাদ
ফোন নং—২৬৭৫২৪

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
Jangipur Sambad, Raghunathganj, Murshidabad (W. B)
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )
প্রথম প্রকাশ : ১৯১৪

জঙ্গীপুর আরবান কো-অপঃ
ক্রেডিট সোসাইটি লিঃ
রেজি নং—১২ / ১৯৯৬-৯৭
( মুর্শিদাবাদ জেলা সেন্টাল
কো-অপারেটিভ ব্যাঙ্ক
অনুমোদিত )
ফোন : ২৬৬৫৬০
রঘুনাথগঞ্জ ।। মুর্শিদাবাদ

৯২শ বর্ষ
৪১শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ১৬ই ফাল্গুন, বুধবার, ১৪১২ সাল।
১লা মার্চ ২০০৬ সাল।
নগদ মূল্য : ১ টাকা
বার্ষিক : ৫০ টাকা

## অনুপনগর স্বাস্থ্যকেন্দ্রের ডাক্তার প্রহৃত কংগ্রেস থেকে মিটমাটের চেষ্টা

নিজস্ব সংবাদদাতা : সামসেরগঞ্জ ব্লকের অনুপনগর স্বাস্থ্যকেন্দ্রের উপ-ব্লক মেডিক্যাল অফিসার ডাঃ পাল পিন্টু রামলাল গত ২৫ ফেব্রুয়ারী ওখানকার কিছু লোকের হাতে ভীষণভাবে প্রহৃত হন। জানা যায় ঐ এলাকাব কয়েকজন লোক এসে একজন অসুস্থ ব্যক্তিকে দেখার জন্য বাড়ীতে নিয়ে যেতে চান ডাক্তারবাবুকে। তিনি বাইরে যেতে আপত্তি জানান এবং রোগীকে হাসপাতালে আনতে বলেন। এর কিছুক্ষণের মধ্যে রোগীটি মারা যান। এরপর পুরো ক্ষোভটা এসে পড়ে ডাঃ পালের ওপর। সামসেরগঞ্জ থানার ওসি এসে ডাক্তারকে উদ্ধার করেন। খবর পেয়ে এ সি এম ও এইচ এবং আই, এম, এর জঙ্গিপুর শাখার সম্পাদক ঘটনাস্থলে গিয়ে পৌঁছান। কর্মীদের নিরাপত্তা, অপরাধীদের গ্রেপ্তার ও প্রকৃত শাস্তি না হলে স্বাস্থ্য কেন্দ্র অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দেবেন বলে আই এম এ থেকে সিদ্ধান্ত নেওয়া হয়। ঘটনাটা বেশী দূর না গড়াতে দিয়ে মিটমাটের জন্য কংগ্রেসের প্রাক্তন পুরপতি সফর আলি ও ব্লক কংগ্রেসের পক্ষ থেকে তদারকি চলছে বলে খবর। পুলিশ একজনকে গ্রেপ্তার করে।

## আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০০৬ ও সাংস্কৃতিক অনুষ্ঠান

অসিত রায় : জঙ্গিপুর মহকুমা তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং জঙ্গিপুর পৌরসভার সম্মিলিত প্রচেষ্টায় উদ্‌যাপিত হয়ে গেলো 'আমার ভায়ের রক্তে রাঙানো ২১শে ফেব্রুয়ারি' আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের নানা অনুষ্ঠানে। পদযাত্রা, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং তাৎক্ষাণক বক্তৃতা ও প্রবন্ধ প্রতিযোগিতার কৃতিত্বের পুরস্কার বিতরণী ও শংসাপত্র প্রদানে আজকের অনুষ্ঠান সীমাবদ্ধ ছিল। ঐ দিন বিকেলে রঘুনাথগঞ্জ গাড়ীঘাট থেকে রবীন্দ্রভবন পর্যন্ত পদযাত্রার মধ্যে অনুষ্ঠানের সূচনা। সেখানে রবীন্দ্র-আবক্ষ মূর্তি এবং ভাষা আন্দোলনে শহীদদের বেদীতে মালা দেন পৌরপিতা মৃগাঙ্ক ভট্টাচার্য্য, মহকুমা তথ্য ও সংস্কৃতি ( শেষ পৃষ্ঠায় )

## এক বিয়ের আসরে প্রাক্তন ওসির আস্ফালনে ধুলিয়ানের মানুষ স্তম্ভিত

নিজস্ব সংবাদদাতা : সামসেরগঞ্জ থানার সদ্য বদলি হয়ে যাওয়া ওসি দীপক দাস গত ১৫ ফেব্রুয়ারী ধুলিয়ানের বিশিষ্ট ব্যবসায়ী দিলীপ সরকারের মেয়ের বিয়ের আমন্ত্রণ রক্ষায় আসেন। সেখানে আলোচনা প্রসঙ্গে কিছুদিন আগে এক ছাত্র আহতকে ঘিরে ধুলিয়ানে যে তান্ডব চলে তাতে বেশ কয়েকজন নিরীহ মানুষকে দীপক দাস গ্রেপ্তার করেন বলে প্রতিবাদ তোলেন জনৈক ব্যবসায়ী লক্ষ্মণ কাঞ্জিলাল। এতে দারুণ উত্তেজিত হয়ে দীপক দাস রিভলবার দিয়ে লক্ষ্মণ কাঞ্জিলালের শরীর ফুটো করে দেবার ভয় দেখান। শুধু তাই নয়, তিনি এক মাসের মধ্যে মাওবাদীর অভিযোগে লক্ষ্মণবাবুকে গ্রেপ্তার করে তাঁর নয়া কর্মস্থল ধুবুলিয়ায় নিয়ে যাবেন। যাতে কোনদিন জামিন না হয় তারও ব্যবস্থা করবেন বলে আস্ফালন দেখান। ওসি দীপক দাসের ক্ষমতার অপব্যবহারের প্রতিবাদে ধুলিয়ানের আপামর জনসাধারণ ডি, জি এবং এস পির কাছে এক স্মারকলিপি পাঠাচ্ছেন বলে জানা যায়।

## একজনের যাবজ্জীবন কারাদণ্ড

নিজস্ব সংবাদদাতা : জঙ্গিপুর আদালতের ফাষ্ট ট্রাক ফার্ষ্ট কোর্টের বিচারক শ্রীবাস দাস গত ২৩ ফেব্রুয়ারী সুতী থানার সিধোর গ্রামের জনৈক আসামী নিজাম সেখকে ভারতীয় দন্ডবিধির ৪৯৮-এ, ৩২৫, ৩০৭ এবং ৩০২ ধারার বিধান মতে যাবজ্জীবন কারাদন্ডে দন্ডিত করেন। জানা যায়, স্ত্রীর প্রতি অকথ্য নির্যাতন ও নিজের শিশুপুত্রকে হত্যা করে জলে ফেলে দেবার অপরাধে ( শেষ পৃষ্ঠায় )

## ফরাক্কায় ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ প্রকল্পের শিলান্যাস

নিজস্ব সংবাদদাতা : কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রী সুশীলকুমার সিন্ধে গত ২৬ ফেব্রুয়ারী ফরাক্কা থারমাল প্ল্যান্টে ৫০০ মেগাওয়াটের একটি বিদ্যুৎ উৎপাদন প্রকল্পের শিলান্যাস করেন। সেখানে মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ছাড়া উপস্থিত ছিলেন জঙ্গিপুরের সাংসদ তথা কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী প্রণব মুখার্জী। শ্রীসিন্ধে তাঁর ভাষণে জানান, কেন্দ্রীয় সরকার গ্রামীণ বিদ্যুৎ প্রকল্পে এ বছর দু' হাজার কোটি টাকা মঞ্জুর করেছে, (শেষ পৃষ্ঠায়)

## নাবালিকা অন্তঃসত্ত্বা
### অভিযুক্তর বাবা-কাকা গ্রেপ্তার

নিজস্ব সংবাদদাতা : সামসেরগঞ্জ থানার নতুন মালঞ্চা গ্রামের দীন দরিদ্র বিশু দাসের তের বছরের নাবালিকা মেয়ে কাকলির অন্তঃসত্ত্বার খবর গ্রামের অনেকেই জানেন। কিন্তু এর কোন প্রতিকার হয় না। গ্রামের বিত্তশালী ব্যক্তি অখিল দাস তার পুত্র রিংকুর কুকীর্তি চাপা দিতে গর্ভপাতের জন্য চাপ দিলে ডাক্তার আপত্তি জানান। কাকলির বাবা বিশু দাস সামসেরগঞ্জ থানায় ( ৩য় পৃষ্ঠায় )

সর্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১৬ই ফাল্গুন, বুধবার, ১৪১২ সাল।

## ভোট ও মসনদের থেকে দেশ বড়

ভারতে পাক গোয়েন্দা বাহিনী যেভাবে ছড়াইয়া পড়িয়া সুদূরপ্রসারী পরিকল্পনা লইয়া কাজ করিতেছে, তাহা ভাবিবার বিষয়। এই পাক গোয়েন্দা বাহিনী অর্থাৎ আই এস আই কোন সদিচ্ছা, কোন নীতির ধার ধারে না। ইহাদের একমাত্র নীতি ভারতকে যে কোন প্রকারে হউক, দুর্বল করা। ভারতের প্রধানমন্ত্রী বাসে 'মিত্রতা কী যাত্রা' করিলেও এবং লাহোর চুক্তি সম্পাদন করিয়া উভয় রাষ্ট্রের মধ্যে মনকষাকষির বরফ গলাইবার চেষ্টা করিলেও আই এস আই-ভবী ভুলিবার নহে।

খবরে জানা যায় যে, পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা আজ বারুদের স্তূপের মধ্যে রহিয়াছে। আর ডি এক্স-এর মত অতি মারাত্মক বিস্ফোরক বিভিন্ন জেলায় জমা করা হইয়াছে এবং হইতেছে। দিন গণিবার অপেক্ষা, যাহাকে বলে, 'কাউন্ট ডাউন', সময় আসিলেই অগ্নিস্ফুলিঙ্গ যুক্ত হইয়া অঘটন ঘটিতে পারে। কেন্দ্রীয় স্বরাষ্ট্র-মন্ত্রকের রিপোর্ট হইতে এই বিষয় জানা যাইতেছে।

এই রাজ্যের মুর্শিদাদাদ, মালদহ, উত্তর ও দক্ষিণ ২৪ পরগণা, উত্তর ও দক্ষিণ দিনাজপুর এবং নদীয়া জেলাগুলিতে মৌলবাদী মুসলিম সংগঠনগুলি যথেষ্ট সক্রিয় বলিয়া খবরে জানা যাইতেছে। বহু মাদ্রাসার মাধ্যমে দেশে মৌলবাদী ভাবাদর্শ প্রচার চালান হইতেছে। আর এই সব প্রচারকার্য বহুদিন হইতেই চলিয়া আসিতেছে।

মনে হওয়া স্বাভাবিক যে, ভারত কি তবে এই বিষয়ে ঘুমাইয়া রহিয়াছে? রাজ্য সরকারও কি ইহাকে বিরোধীদলের অপপ্রচারের আখ্যা দিবে? এই রাজ্যে আশ্চর্যরকমের অনুপ্রবেশ দীর্ঘদিন ধরিয়া চলিয়াছে। এতদিন রাজ্য সরকারের নীরবতা বজায় ছিল কোনও অজ্ঞাত কারণে। কিন্তু বর্তমানে এই রাজ্যে আই এস আই-এর কার্যকলাপ সরকারীভাবে স্বীকার করা হইয়াছে।

রঘুনাথগঞ্জ—জঙ্গিপুর শহরে আজ অপরিচিত মুসলিম মানুষের গতিবিধি চূড়ান্তভাবে বাড়িয়া গিয়াছে। অন্যান্য সীমান্ত এলাকায় একই অবস্থা। অনুপ্রবেশকারীদের সংখ্যা নির্ধারণ সহজ নহে। সীমান্ত পার হইয়া এদেশে আসিয়া রেশনকার্ড সংগ্রহ করিয়া ভোটে অংশগ্রহণের কাজ চলে। সংশ্লিষ্ট রাজনৈতিক দলগুলি সমর্থনের আনুকূল্যে মশগুল থাকে। কিন্তু যে বিষবৃক্ষ রোপণ করা হয়, তাহার উৎপাদন সহজসাধ্য নহে। অনুপ্রবেশকারীরা মৌলবাদী সংগঠনগুলির সহিত মিলিত হইয়া সংখ্যাবৃদ্ধি ঘটাইয়া চলে। উগ্রপন্থীদের সঙ্গে মিলিয়া তাহারা নানা ক্ষতিকর কাজে লিপ্ত হইয়া পড়ে।

দ্বিবিধ লক্ষ্য লইয়া তাহারা এইরূপ করিতেছে। অন্তর্ঘাতমূলক ক্রিয়াকলাপ দ্বারা দেশ জেরবার হউক—এই প্রচেষ্টা তাহাদের প্রাথমিক কাজ। দ্বিতীয়ত ক্রমাগত সংখ্যাবৃদ্ধি ঘটাইয়া পুনরায় দ্বিজাতিতত্ত্বের ভিত্তিতে দেশভাগের জিগির তোলা। এই উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ, অসম, উত্তরপার্বাঞ্চল, নিম্নদক্ষিণবঙ্গে জম্বুদ্বীপ ও অন্যান্য স্থানে সংখ্যাধিক্য ঘটাইয়া পৃথক রাষ্ট্রের দাবী বা দেশভাগের দাবী তুলিতে তথাকথিত মৌলবাদী সংগঠনগুলি সোচ্চার রহিয়াছে। সেই পরিস্থিতির মোকাবিলা রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকার কীভাবে করিবে, তাহা চিন্তনীয়। নাকি 'অর্ধং ত্যজতি পন্ডিতঃ' নীতি অনুসৃত হইবে? দেশের সার্বভৌমত্ব তথা অখন্ডতা রক্ষার দিকে মনোযোগপ্রদান এবং কর্মপন্থা গ্রহণ আশু কর্তব্য। কেন্দ্রীয় সরকার অথবা রাজ্য সরকারকে বিষয়টি ভাবিতে হইবে এবং মৌলবাদী সংগঠনগুলির ক্রিয়াকলাপ বন্ধ করিতে হইবে। ভোট এবং মসনদের থেকে দেশ বড়।

## চিঠি-পত্র

( মতামত পত্রলেখকের নিজস্ব )

### এখনও তথ্যবিকৃতি পরিহার করা হোক

৪৩ বছর আগে, ১৯৬৩ খৃষ্টাব্দে রঘুনাথগঞ্জ শহরে যে বইমেলা হয়েছিল তার নাম ছিল "জঙ্গীপুর গ্রন্থমেলা"। "মহকুমার বিশিষ্ট ব্যক্তিদের লইয়া একটি শক্তিশালী প্রস্তুতি কমিটি গঠিত হইয়াছিল"। কোনও সংকীর্ণতা ছিল না। এখন থেকে ৩০ বছর আগে চালু হয় "কলিকাতা পুস্তকমেলা"। আর "মুর্শিদাবাদ জেলা বইমেলা" শুরু ২৫ বছর আগে। তথ্যপ্রমাণ দিয়ে প্রতিষ্ঠা করেছি—রাজ্যে প্রথম বইমেলা এখানকার "জঙ্গীপুর গ্রন্থমেলা"।

১৯৬৩-র পর এখানেই আরও দুটি বইমেলা হয় ১৯৭৮ এবং ১৯৭৯-তে। কাজেই ২০০৬-এ এখানে যে বইমেলা হবে তার নামের সঙ্গে "প্রথম" যোগ করা অনৈতিহাসিক।

রঘুনাথগঞ্জ-১নং ও ২নং ব্লক পঞ্চায়েত এবং জঙ্গিপুর পুরসভার মধ্যেই যদি সীমাবদ্ধ রাখা হয় এই বইমেলাকে তাতেও নামকরণের যৌক্তিকতা থাকতে হবে।

জঙ্গিপুর বইমেলার অতীত তো এমন নয় যে তা আড়াল করতে হবে। ঘটনাকে বিকৃত করা জঙ্গিপুরবাসী ক্ষমা করবেন না। ইতিহাস বড়ই নির্মম।

হরিলাল দাস / রঘুনাথগঞ্জ

## শহীদের মা

স্মরণ দত্ত

[ মাতৃভাষা দিবসকে মনে রেখে ]

তবুও তুমি বাঁচো
জলে বুক ভাসিয়ে তুমি
সবার সুখের জন্ম দাও
শহীদের মা তুমি
ফল্গু নদীর মতো হৃদয়টাকে মুঠোয় নিয়ে
তুমি বাঁচো।
তুমি জানো বাঁচার নাম রোদ।
বৃষ্টিতে ভিজেও তাই রোদের ঘ্রাণ
খুঁজে পাও
তুমি কত শহীদের মা।
তুমি পরাজিত বিধ্বস্তের মা
তুমি জয়ধ্বজার মা
শ্রাবণেও তুমি—বসন্তেও তুমি
ভালোবাসায় তুমি অমর
তনিস্রায় তুমি দিশারী
তুমি মাতালের মা—পাষাণের মা—
সংখ্যালঘুর মা।
তুমি ঝাড়খন্ডীর মা, অসমীয়ের মা,
জনযুদ্ধবাদীর মা।
৪২—৫২—৬১-র রক্তঝরা মা
তুমি রাত পোহানো নতুন
'অলৌকিক ভোর'।
চিরন্তন ভাষা শিক্ষক
তবু
সেদিনের অঙ্গীকারের কুশপুত্তলিকাদগ্ধ
আজকের বাংলা—বাঙালী—বাংলাদেশ।

## সংকর গাভী ও বাছুর প্রদর্শনী

নিজস্ব সংবাদদাতা ঃ পশ্চিমবঙ্গ গো সম্পদ বিকাশ সংস্থা ও প্রাণীসম্পদ বিকাশ বিভাগের যৌথ উদ্যোগে নিবিড় গো-প্রজনন কর্মসূচীকে জনপ্রিয়করণের লক্ষ্যে রঘুনাথগঞ্জ-১ ব্লকের প্রতিটি গ্রাম পঞ্চায়েতে জনচেতনা কর্মসূচী এবং সংকর গাভী ও বাছুর প্রদর্শনীর আয়োজন করা হয়। এবং দুটি পঞ্চায়েতে বন্ধ্যাত্ব দূরীকরণ শিবিরের কর্মসূচী নেয়া হয়। সংকর গ ভী ও বাছুর প্রদর্শনীর দুটি বিভাগে ১ম, ২য় ও ৩য় স্থানাধিকারীকে নগদ অর্থমূল্যে পুরস্কৃত করা হয়।

## সাগরদীঘির চাহিদা না মিটিয়ে অন্যত্র বিদ্যুৎ সরবরাহ হচ্ছে

নিজস্ব সংবাদদাতা ঃ সাগরদীঘি বিদ্যুৎ সরবরাহ দপ্তর কোন এক প্রভাবশালী নেতার নির্দেশে নাকি নবগ্রাম ব্লকের আয়রা ও তার আশপাশে পৃথক একটা লাইন চালু করে প্রচুর সাবমার্সিবল পাম্প ও হাসকিং মিল চালু রেখেছে। এর ফলে সাগরদীঘি এলাকায় আগামী গ্রীষ্মে জলের অভাবে বোরো ধান মার খাবে বলে চাষীরা আশঙ্কা করছেন। এই ধরনের কারবার এখনই বন্ধ করা প্রয়োজন।

### বাবা-কাকা গ্রেপ্তার ( ১ম পৃষ্ঠার পর )

গেলে তদানীন্তন ওসি দীপক দাস তাঁর কোন অভিযোগ নেননি। গ্রাম্য বিচারে কাকলির সঙ্গে অবৈধ সম্পর্কের কথা রিঙ্কুর বাবা অখিল দাস ও দুই কাকা শিশির ও অসিত অস্বীকার করেন। তাই বিশু দাসের কাকলিকে পুত্রবধূ রূপে মেনে নেয়ার স্বপ্ন স্বপ্নেই থেকে যায়। দিশেহারা বিশু দাস শেষ পর্যন্ত গত ৪-১০-০৫ জঙ্গিপুর কোর্টে ধর্ষণের মামলা দায়ের করেন। আদালত থেকে সামসেরগঞ্জ থানার ওসিকে ১৩-১২-০৫ এর মধ্যে ঘটনা তদন্ত করে রিপোর্ট জমা দিতে নির্দেশ দেয়। তখনও ওসি দীপক দাস নীরব। এর মধ্যে ধুলিয়ানের কয়েকজন ব্যবসায়ী ও রাজনৈতিক নেতার মধ্যস্থতায় ২০-১২-০৫ দু'পক্ষকে নিয়ে ওখানে একটা বৈঠক হয়। সেখানে অখিল দাস ২০-১-০৬ এর মধ্যে কাকলির সঙ্গে তার ছেলে রিঙ্কুর বিয়ে দেবেন বলে লিখিত মুচলেকা দেন। কিন্তু পরবর্তীতে সেটা কার্যকরী না হলে মেয়েকে নিয়ে বিশু দাস পুনরায় থানায় আসেন। এর মধ্যে ওসি দীপক দাস অন্যত্র বদলি হয়ে গেছেন। নবাগত ওসি কোর্টের রিপোর্ট দেখে ও সবকিছু শুনে ১৫-২-০৬ অখিল দাস ও তার দুই ভাই শিশির ও অসিতকে গ্রেপ্তার করেন। রিঙ্কু গা ঢাকা দেয়। বর্তমানে কেস তুলে নেবার জন্য বিশু দাস ও তার পরিবারের ওপর প্রাণনাশের হুমকী দেয়া হচ্ছে বলে জানা যায়।

## আগ্নেয়াস্ত্রসহ স্বর্ণ ব্যবসায়ী গ্রেপ্তার

নিজস্ব সংবাদদাতা ঃ ধুলিয়ান পুরসভার ৪নং ওয়ার্ড লক্ষ্মীনগর এর জনৈক স্বর্ণ ব্যবসায়ী সঞ্জীব দাসকে সম্প্রতি পুলিশ গ্রেপ্তার করেছে। জানা যায়, সোনার ব্যবসার আড়ালে সঞ্জীব বাংলাদেশ থেকে নানা ধরনের আগ্নেয়াস্ত্র চোরা পথে আমদানি করে বিভিন্ন জায়গায় পাচার করতেন। ঘটনার দিন একজন রিভলবার খরিদ করতে আসেন। গোপনসূত্রে এই খবর পেয়ে সামসেরগঞ্জ থানার এ এস আই জাহিদুল ইসলাম অতর্কিতে হানা দিয়ে ছ'টি রিভলবার ও কিছু কার্তুজ সমেত ওদের হাতেনাতে ধরে ফেলেন। উল্লেখ্য, এর আগে এখানকার 'মোবারক সু ষ্টোর্স'' থেকেও পুলিশ রিভলবারসহ একজনকে গ্রেপ্তার করে। বাংলাদেশ থেকে চোরাপথে নানা ধরনের আগ্নেয়াস্ত্র ধুলিয়ানে আসছেই। দেশের নিরাপত্তার স্বার্থে প্রশাসনিক দক্ষতায় এর বিহিত প্রয়োজন।

## বিজ্ঞপ্তি

"288 - SW/35 - 225/05 **Dated 25th January 06**

আদেশনামা অনুযায়ী সাগরদীঘি শিশু বিকাশ সেবা প্রকল্পের ৫৯টি অঙ্গনওয়াড়ী কর্মীর শূন্য পদে সহায়িকাদের উন্নয়নের জন্য ন্যূনতম অষ্টম শ্রেণী উত্তীর্ণা ও ন্যূনতম পাঁচ বছরের সহায়িকা পদে কাজের অভিজ্ঞতা থাকা সহায়িকাদের কাছ থেকে আবেদনপত্র প্রকাশনার দিন থেকে ২৫ দিন পর্যন্ত গ্রহণ করা হবে।"

জগবন্ধু পাল
শিশু বিকাশ প্রকল্প আধিকারিক
সাগরদীঘি সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প
সাগরদীঘি, মুর্শিদাবাদ

## Annexure — A

**Enclosure to N. I. T. No. 03/RIDF-X/PORS of 2005-06 circulated vide this office memo no. 242(28)/POR S dt. 15. 02. 2006**


| Group No. | Name of Work | Estimated amount | Token earnest money | Time of comple-tion | Cost of Tender documents (in cash) | Requisite qualifying criteria |
|---|---|---|---|---|---|---|
| 1 | Laminar Air Flow (Horizontal) | Rs. 65,000/. | Rs. 1,300/. | 30 days | Rs. 200/- | Minimum 60% (Sixty Percent) value of the estimated amount put to tender in a single work order similar type of work in any Govt. Semi-Govt./Govt. undertaking organization during Last 3(three) years. |
| 2 | Horizontal Rotary shaker (Doble Decker) | Rs. 1,00,000/- | Rs. 2,000/- | 30 days | Rs. 500/- | |
| 3 | Phase contrast Microscope | Rs. 4,50,000/- | Rs. 9,000 | 30 days | Rs. 500/- | |
| 4 | L. C D. Projector | Rs. 1,40,000/- | Rs. 2,800/- | 3o days | Rs. 500/- | |

Sd/-
**Joint Director Agriculture (Pulses)**
**Berhampore, West Bengal**

Memo No. 126(2) Inf. Msd. Date 21. 2. 06

## জঙ্গিপুরে ঘোড়া গাড়ীর উপদ্রব মাত্রাহীন

নিজস্ব সংবাদদাতা ঃ জঙ্গিপুর শহরটি এমনিতেই পুরোনো হওয়ায় নানা সমস্যা নিয়ে বেঁচে আছে। পুরোনো বাড়ী-ঘর ছোট রাস্তা, ব্যবসায়ে মন্দা, সমাজবিরোধীদের মস্তানী ছিলই। তার সঙ্গে গোদের উপর বিষফোড়ার মত অসহ্য হয়ে উঠেছে নিত্যদিন চলাচলের একমাত্র প্রধান রাস্তায় প্রচুর ঘোড়ার গাড়ীর লাগামহীন যাতায়াত। তীব্র গতি, ফটফট শব্দ করতে করতে বেআইনী সংখ্যক যাত্রী চাপিয়ে ঘোড়ার নাদিতে শহরকে নরকে পরিণত করে চলেছে এই অমানবিক যান যন্ত্রণা। দুর্ঘটনাও লেগেই আছে। কিন্তু এর প্রতিকারের জন্য কেউ এগিয়ে আসছে না। শহরটিকে দূষিত করার ও বেপরোয়া গাড়ী চালানোর ব্যাপারে পুর কর্তৃপক্ষ নীরব।



# পূর্ব ভারতে সমৃদ্ধির আলো বিস্তার

শ্রী সুশীলকুমার শিন্দে

মাননীয় কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রী


রবিবার, ২৬শে ফেব্রুয়ারী, ২০০৬, সকাল ১০:৩০-এ পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ জেলা, নবারুণে

*এনটিপিসি লিমিটেড -এর*


৫০০ মেগাওয়াট (তৃতীয় পর্যায়)

ফরাক্কা সুপার থার্মাল পাওয়ার প্রোজেক্টের

*ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।*



**শ্রী সুশীলকুমার শিন্দে**
মাননীয় কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রী



**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য**
পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রী
*প্রধান অতিথি হবেন*



**শ্রী প্রণব মুখার্জী**
মাননীয় কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী
*অনুষ্ঠানের সভাপতি হবেন*



**শ্রী প্রিয়রঞ্জন দাশমুন্সী**
মাননীয় কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার
এবং সংসদীয় বিষয়ক মন্ত্রী
*সম্মানিত অতিথি হবেন*

**শ্রী মৃণাল ব্যানার্জী**
মাননীয় মন্ত্রী, বিদ্যুৎ ও
এনইএস বিভাগ, পশ্চিমবঙ্গ

**শ্রী আব্দুল মান্নান হোসেন**
মাননীয় সাংসদ (লোকসভা)

**সুশ্রী সিদ্দীকা বেগম**
মাননীয়া সভাধিপতি, জিলা পরিষদ

**শ্রী দীপংকর মুখার্জী**
মাননীয় সাংসদ (রাজ্যসভা)

**শ্রী এ.বি.এ. গণি খান চৌধুরী**
মাননীয় সাংসদ (লোকসভা)

**শ্রী মইনুল হক**
মাননীয় বিধায়ক

**শ্রী অধীর রঞ্জন চৌধুরী**
মাননীয় সাংসদ (লোকসভা)


**শ্রী এ.এইচ.এ. খান চৌধুরী**
মাননীয় বিধায়ক

*এদেরকেও এই অনুষ্ঠানে আসন অলংকৃত করার জন্য আমন্ত্রণ জানানো হয়েছে।*

## এনটিপিসি — লোক প্রগতির শক্তি

**ফরাক্কা সুপার থার্মাল পাওয়ার প্রোজেক্ট**
- উৎপাদন ক্ষমতা : ১৬০০ মেগাওয়াট
- স্থান : নবারুণ, জেলা মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ
- লাভান্বিত রাজ্য : পশ্চিমবঙ্গ এবং অন্য রাজ্যগুলি

**এনটিপিসি লিমিটেড**
- ভারতের বৃহত্তম বিদ্যুৎ সংস্থা, ভারতের মোট বিদ্যুৎ উৎপাদনের ২৭% এর বেশি যোগান দেয়
- মোট উৎপাদন ক্ষমতা : ২৪,২৪৯ মেগাওয়াট



বিদ্যুৎ মন্ত্রালয়
ভারত সরকার

## জঙ্গিপুর সংবাদ/সাপ্তাহিক সংবাদপত্র

১৯৫৬ সালের সংবাদপত্রের রেজিস্ট্রেশন ( কেন্দ্রীয় ) আইনের ৮ ধারা অনুযায়ী মালিকানা ও অন্যান্য বিষয়ের বিবরণ ঃ ৪নং ফরম ১। যে স্থান হইতে প্রকাশিত হয়—'জঙ্গিপুর সংবাদ' কার্য্যালয়, দাদাঠাকুর প্রেস এ্যান্ড পাবলিকেশন, চাউলপট্টি, পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ ( পঃ বঃ )। ২। প্রকাশের সময় ব্যবধান—সাপ্তাহিক। ৩, ৪, ৫। মুদ্রাকর, প্রকাশক ও সম্পাদকের নাম—অনুত্তম পন্ডিত, জাতি ভারতীয় নাগরিক, বাসস্থান চাউলপট্টি, পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ ( পঃ বঃ )। ৬। এই সংবাদপত্রের সত্ত্বাধিকারী অথবা যে সকল অংশীদার মূলধনের এক শতাংশের অধিক অংশের অধিকারী তাঁহাদের নাম ও ঠিকানা—অনুত্তম পন্ডিত, দাদাঠাকুর প্রেস এ্যান্ড পাবলিকেশন, চাউলপট্টি, পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ ( পঃ বঃ )।

আমি অনুত্তম পন্ডিত, এতদ্দ্বারা ঘোষণা করিতেছি যে, উপরোক্ত বিবরণসমূহ আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য।

স্বাঃ অনুত্তম পন্ডিত, প্রকাশক
রঘুনাথগঞ্জ, ১লা মার্চ ২০০৬


## জঙ্গিপুর হাসপাতালে অব্যবস্থার শেষ নেই

নিজস্ব সংবাদদাতা ঃ জঙ্গিপুর হাসপাতালে মহিলাদের সার্জিক্যাল ওয়ার্ডটি দোতলায়। অথচ ওখানে কোন বাথরুম, পায়খানা বা জলের উপযুক্ত ব্যবস্থা নেই। এর ফলে অনেক রোগী বারান্দা নোংরা করে রেখে দিচ্ছেন। হাসপাতাল সুপার এই অব্যবস্থার কথা জানেন কি ?

পশ্চিমবঙ্গ সরকার

# শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণ

## রঘুনাথগঞ্জ-২ সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প

জঙ্গীপুর ● মুশিদাবাদ

স্মারক সংখ্যা ১৭১ /আই. সি. ডি./আর. এন. জে-২/জঙ্গীপুর          তারিখ ২৪/০২/২০০৬

# বিজ্ঞপ্তি

রঘুনাথগঞ্জ-২ সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পে কিছু সংখ্যক অঙ্গনওয়াড়ী কর্মী ও সহায়িকা পদের জন্য দরখাস্ত আহ্বান করা হইতেছে। দরখাস্ত গ্রহণের শেষ তারিখ ২৫-০৩-২০০৬। ছুটির দিন ব্যতীত বেলা ১২টা হইতে ৪টা পর্যন্ত বিশদ বিবরণের জন্য নিম্নস্বাক্ষরকারীর কার্য্যালয়ে যোগাযোগ করুন। শূন্যপদ নিম্নরূপ ঃ—

### অঙ্গনওয়াড়ী কর্মী—৪৭টি

| ক্রমিক নং | শ্রেণী | সাধারণ | তপঃ জাতি | তপঃ উপজাতি | অনগ্রসর | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১। | সংরক্ষিত (৫%) ০২ | — | — | — | — | ০২ |
| ২। | পদোন্নতি (৭৫%) ২৭ | ১৮ | ০৬ | ০২ | ০১ | ২৭ |
| ৩। | সরাসরি নিয়োগ (আগেকার এবং বর্তমান) ১৮ | ০৮ | ০৪ | ০৫ | ০১ | ১৮ |
| | ৯+৯=১৮ | | | | | |

### অঙ্গনওয়াড়ী সহায়িকা—৭৬টি

| ক্রমিক নং | শ্রেণী | সাধারণ | তপঃ জাতি | তপঃ উপজাতি | অনগ্রসর | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১। | সংরক্ষিত (৫%) ০২ | — | — | — | — | ০২ |
| ২। | সরাসরি নিয়োগ (আগেকার এবং বর্তমান) ৭৪ | ৪২ | ১৬ | ১২ | ০৪ | ৭৪ |

বিঃ দ্রঃ—পদোন্নতির ক্ষেত্রে দরখাস্ত গ্রহণের শেষ তারিখ ছুটির দিন ব্যতীত ২৫/০৩/২০০৬। শিক্ষাগত যোগ্যতা ঃ—অঙ্গনওয়াড়ী কর্মীদের ক্ষেত্রে মাধ্যমিক পাশ, অঙ্গনওয়াড়ী সহায়িকার ক্ষেত্রে চতুর্থ শ্রেণী পাশ, পদোন্নতির ক্ষেত্রে অষ্টম শ্রেণী পাশ এবং অঙ্গনওয়াড়ী পদে সরাসরি নিয়োগের জন্য তপশিল জাতি ও তপশিল উপজাতিদের ক্ষেত্রে অষ্টম শ্রেণী উত্তীর্ণ।

মোঃ নওসাদ আলী
শিশু বিকাশ প্রকল্প আধিকারিক
রঘুনাথগঞ্জ-২
জঙ্গীপুর * মুর্শিদাবাদ

## চিঠি-পত্র

### নেতাজী ব্রাত্য প্রসঙ্গে

গত ১৫/২/০৬ এর জঙ্গিপুর সংবাদের চিঠি-পত্র বিভাগে ময়না মুখার্জীর বক্তব্যের পরিপ্রেক্ষিতে রঘুনাথগঞ্জ শ্রীরামকৃষ্ণ সেবাশ্রম কর্তৃপক্ষ জানাচ্ছে যে, উক্ত দিনে সেবাশ্রম পরিচালিত বিদ্যালয় শ্রীরামকৃষ্ণ শিক্ষানিকেতনের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা নেতাজীকে যথোচিত মর্যাদার সাথে স্মরণ করেই শুরু হয়েছিল। দুর্ভাগ্যবশত পত্র লেখিকা হয়ত সেই সময় মাঠে উপস্থিত ছিলেন না। কোন মহামানবের জন্মদিনে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হলে 'যেমন খুশি তেমন সাজো' বিভাগে সেই মহামানব সাজলেই তার যোগ্যতা না থাকলেও কি তাকে পুরস্কৃত করতে হবে ? পত্র লেখিকা কি বলেন ?

ডাঃ জিতেন্দ্রনাথ সরকার
(সম্পাদক)
রঘুনাথগঞ্জ শ্রীরামকৃষ্ণ সেবাশ্রম
তাং ১৮/০২/০৬


**Wanted Teacher**
**Male/Female**
**For Angels Academy**
**(English Medium)**
**Raghunathganj**
**Murshidabad**
**Ph. No. 267671**

যত্নসহকারে কনে/বৌ সাজানো, মেহেন্দী পরানো ও তত্ত্ব সাজানো হয়।

শান্তি সাহা
ইউ বি আই-এর সন্নিকটে গলির ভেতর
রঘুনাথগঞ্জ ম্যাকেঞ্জি রোড

### একজনের যাবজ্জীবন কারাদণ্ড ( ১ম পৃষ্ঠার পর )

তার এই সাজা। উল্লেখ্য, বিচারক শ্রীবাস দাস গত ২৪ ফেব্রুয়ারী এখান থেকে বদলি নিয়ে মেদিনীপুর আদালতে যোগ দিয়েছেন। তিনি জঙ্গিপুরে থাকাকালীন অনেক জটিল মামলা দক্ষতার সঙ্গে নিষ্পত্তি করে গেছেন বলে খবর।

### বিদ্যুৎ প্রকল্পের শিলান্যাস ( ১ম পৃষ্ঠার পর )

এর মধ্যে পশ্চিমবঙ্গকে দেয়া হচ্ছে পাঁচশো কোটি টাকা। পশ্চিমবঙ্গের বহু এলাকায় এখনও বিদ্যুৎ পৌঁছয়নি বলে তিনি সমালোচনা করেন। মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য বক্তব্য রাখতে গিয়ে পশ্চিমবঙ্গের বহু গ্রামে এখনও বিদ্যুৎ না পৌঁছনোর কথা উল্লেখ করেন। ২০০৭ এ সাগরদীঘি বিদ্যুৎ প্রকল্প চালু হলে কোন গ্রাম অন্ধকারে থাকবে না বলে বুদ্ধবাবু প্রতিশ্রুতি দেন। প্রণব মুখার্জী বলেন, রাজ্য শিল্পায়নে গতি আনতে হলে প্রথমেই প্রয়োজন বিদ্যুতের। তাই বিদেশী সংস্থাগুলোকেও বিদ্যুৎ উৎপাদনে উদ্যমী করতে হবে।

### সাংস্কৃতিক অনুষ্ঠান ( ১ম পৃষ্ঠার পর )

আধিকারিক আমতাভ ভট্টাচার্য্য এবং উপস্থিত অনেকে। গণনাট্য সংঘের উদ্বোধনী সংগীত ছিল অনুষ্ঠানের অংগ। আলোচনা সভায় মাতৃভাষা দিবসের তাৎপর্য ব্যাখ্যা করলেন অবসরপ্রাপ্ত শিক্ষক ধূর্জটি বন্দ্যোপাধ্যায়, অধ্যাপক অসীম মন্ডল এবং অবসরপ্রাপ্ত অধ্যাপক আশিস রায়। তথ্য সমৃদ্ধ আলোচনায় একদিকে যেমন জানার সুযোগ হলো ২০০০ সালে ২১ ফেব্রুয়ারীর আন্তর্জাতিক স্বীকৃতির ইতিহাস, সেই সাথে প্রবহমান জীবনের সর্বস্তরে বাংলা ভাষা চর্চার প্রয়োজনীয়তার কথা। তত্ত্ব ও তথ্য সমৃদ্ধ আলোচনার পর নতুন কিছু বলার না থাকলেও তাঁদেরই আলোচনার সামগ্রিক নির্য্যাস তুলে ধরলেন মৃগাঙ্ক ভট্টাচার্য্য। আজকের দিনের তাৎপর্য্য এবং ভাষা আন্দোলনে যুব চেতনার প্রয়াসে বর্তমান প্রজন্মের ছাত্র-ছাত্রীদের মধ্যে 'মাতৃভাষা মাতৃদুগ্ধ সম' প্রবন্ধ প্রতিযোগিতা ও তাৎক্ষণিক বক্তৃতার আয়োজন হয়েছিল গত ১৭ ফেব্রুয়ারী। সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশনায় অভি-নবত্ব সকলের ভালো লেগেছে। যেখানে এপার আর ওপার বাংলার কথা উঠে এসেছে শিল্পীদের কথায় আর গানে। অবশ্যই উল্লেখ করতে হয় রবীন্দ্রনাথ, নজরুল আর জীবনানন্দের গানে সমৃদ্ধ ছন্দ বিচিত্রার ক চি কা চা দে র নৃত্যানুষ্ঠান বা আনন্দধারা সংগীত মহাবিদ্যালয়ের কবিতা ও গানের পরিবেশনা। সেই সাথে শ্রুতিছন্দ আবৃত্তি অনুশীলন কেন্দ্রের উপস্থাপনা।

এক সাক্ষাৎকারে জানা গেলো যে আনন্দধারা সংগীত মহাবিদ্যালয়ও এক ঘরোয়া অনুষ্ঠানের মধ্যে আন্তর্জাতিক মাতৃদিবসের তাৎপর্য ও তার প্রয়োজনীয়তার আলোচনায় পালন করে শহীদ আবুল বরকত, সালাম, রফিকউদ্দিন ও জাব্বার ভাইদের রক্তে রাঙা ভাষা দিবস। সাংস্কৃতিক অনুষ্ঠানে অভ্যস্ত তাদের এই প্রয়াস প্রথম অভিনন্দন যোগ্য।

পশ্চিমবঙ্গ সরকার

## শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণ

### রঘুনাথগঞ্জ-১নং, মুর্শিদাবাদ

বিজ্ঞপ্তি নং ৫৪/আই. সি. ডি. এস — তারিখ ২৪/০২/০৬

রঘুনাথগঞ্জ-১নং সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পে সম্ভাব্য কিছু শূন্যপদে অঙ্গনওয়াড়ী কর্মী ও অঙ্গনওয়াড়ী সহায়িকা নিয়োগের জন্য দরখাস্ত আহ্বান করা হচ্ছে। কেবলমাত্র প্রকল্পের অন্তর্গত গ্রাম পঞ্চায়েত ও জঙ্গীপুর পৌরসভার স্থায়ীভাবে বসবাসকারী মহিলা প্রার্থীগণই আবেদন করতে পাববেন যাহাদের বয়স ২৪/০২/০৬ তারিখে ১৮ থেকে ৪৫ বৎসর। দরখাস্ত জমা দেবার শেষ তারিখ ২৪/০৩/০৬ তারিখ বেলা ৪ ঘটিকা পর্য্যন্ত। বিশদ বিবরণের জন্য যে কোন কাজের দিন বেলা ১১টা থেকে ৪টা পর্য্যন্ত নিম্ন স্বাক্ষরকারীর কার্য্যালয়ে যোগাযোগ করুন।

শূন্য পদগুলি নিম্নরূপ ঃ—

#### (১) অঙ্গনওয়াড়ী কর্মী—৪৪টি পদ

| পদের শ্রেণী বিন্যাস | সাধারণ | তপশিল জাত | তপশিল উপজাতি | অনগ্রসর জাতি | অসংরক্ষিত | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১। সরকারী আবাসিক, (৫%) | — | — | -- | — | — | ০২ |
| ২। পদোন্নতি, (৭৫%) | — | ০৮ | ০২ | — | ২৩ | ৩৩ |
| ৩। সরাসরি নিয়োগ, (২০%) | ০৫ | ০২ | ০১ | ০১ | — | ০৯ |

#### (২) অঙ্গনওয়াড়ী সহায়িকা— ৪১টি পদ

| পদের শ্রেণী বিন্যাস | সাধারণ | তপশিল জাতি | তপশিল উপজাতি | অনগ্রসর জাতি | মোট |
|---|---|---|---|---|---|
| ১। সরকারী আবাসিক (৫%) | — | — | — | — | ০২ |
| ২। সরাসরি নিয়োগ (৯৫%) | ২৬ | ০৯ | ০২ | ০২ | ৩৯ |

বিঃ দ্রঃ—পদোন্নতির ক্ষেত্রে প্রার্থীকে অবশ্যই অষ্টম শ্রেণী পাশ এবং সহায়িকা পদে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এবং নিজ নিজ মুখ্যসেবিকার মাধ্যমে ১৫. ০৩. ০৬ তারখের মধ্যে আবেদনপত্র জমা দিতে হবে। অঙ্গনওয়াড়ী কর্মীপদে মাধ্যমিক বা তার সমতুল পাশ এবং অঙ্গনওয়াড়ী সহায়িকা পদে চতুর্থ শ্রেণী পাশ হতে হবে।

মোহিতকুমার দাস
শিশু বিকাশ প্রকল্প আধিকারিক
রঘুনাথগঞ্জ-১, মুর্শিদাবাদ

স্মারক সংখ্যা ১৪৭/তথ্য/ মুর্শিদাবাদ — তাং ২৭-২-০৬

দাদাঠাকুর প্রেস এন্ড পাবলিকেশন, চাউলপট্টি, পোঃ রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ ) পিন-৭৪২২২৫ হইতে স্বত্বাধিকারী অনুত্তম পন্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।